

আত-তারিক | At-Tariq | الطَّارِق

আয়াতঃ ৮৬ : ১২

আরবি মূল আয়াত:

وَالْأَرْضِ ذَاتِ الصَّدْعِ ﴿١٢﴾

অনুবাদসমূহ:

কসম বিদীর্ণ যমীনের। — আল-বায়ান

এবং গাছপালার চারা গজানোর সময় বক্ষ দীর্ণকারী যমীনের শপথ, (বৃষ্টিপাতের মাধ্যমে বৃক্ষলতার উৎপাদন যেমন অকাট্য সত্য, তেমনি কুরআন যা ঘোষণা করে তাও অকাট্য সত্য) — তাইসিরুল

এবং শপথ যমীনের যা বিদীর্ণ হয়, — মুজিবুর রহমান

And [by] the earth which cracks open, — Sahih International

১২. এবং শপথ যমীনের, যা বিদীর্ণ হয়(১),

(১) যমীন বিদীর্ণ হওয়ার অর্থ উদ্ভিদ উৎপন্ন হওয়া। [ইবন কাসীর; সা'দী] মুজাহিদ বলেন, পথবিশিষ্ট যমীন যা পানি দ্বারা বিদীর্ণ হয়। অথবা যমীন যা বিদীর্ণ হয়ে মৃতরা পুনরুত্থানের জন্য বের হবে। [ফাতহুল কাদীর; সা'দী] তবে প্রথম তাফসীরটিই বেশী প্রসিদ্ধ।

তাফসীরে জাকারিয়া

১২। এবং শপথ বিদীর্ণশীল পৃথিবীর। [1]

[1] অর্থাৎ, মাটি ফেটে তা হতে শস্যাদানা অঙ্কুরিত হয়। মাটি ফেটে ঝরনাধারা প্রবাহিত হয়। আর এইভাবে একদিন এমন আসবে যেদিন মাটি ফেটে সমস্ত মৃত জীব-জন্তু জীবিত হয়ে ভূগর্ভ থেকে বের হয়ে আসবে। এই জন্যই যমীন, মাটি ও পৃথিবীকে 'বিদীর্ণশীল' বলা হয়েছে। (এ ছাড়া সমুদ্রগর্ভেও বড় বড় ফাটল রয়েছে বলে বিজ্ঞান প্রমাণ করেছে।)

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=5943>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন